

## 93793 - জনৈক নারী এক ফোটা রক্ত দেখছেন, তিনি কি রোয়া রাখবেন?

### প্রশ্ন

প্রশ্ন: আমি যখন টয়লেটে প্রবেশ করেছি তখন দেখেছি সে স্থানে এক ফোটা রক্ত রয়েছে। এতে আমার সন্দেহ ও আশংকার সৃষ্টি হয়েছে যে, আমি ঝুঁতুবতী কিনা? আমি কি নামায পড়ব, রোয়া চালিয়ে যাব; নাকি নয়?

### প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

যেটা প্রতীয়মান হচ্ছে যে, সে রক্তের ফোটা হায়েয নয়। সুতরাং এ রক্ত নামায ও রোয়ার প্রতিবন্ধক হবে না।

শাহী উচাইমীনকে প্রশ্ন করা হয়েছিল এমন একজন নারী সম্পর্কে যার কয়েক ফোটা রক্তপাত হয়েছে এবং এ অবস্থা গোটা মাস অব্যাহত ছিল এবং তিনি রোয়া চালিয়ে যাচ্ছিলেন। তার রোয়া কি সহিহ?

জবাবে তিনি বলেন: হ্যাঁ, তার রোয়া সহিহ। এই যে কয়েক ফোটা রক্ত এটা কিছু না। কেননা, এ রক্ত শিরা থেকে এসেছে।

[ফাতওয়াল মারআল মুসলিমা (১/১৩৭) থেকে সমাপ্ত]

তিনি আরও বলেন:

সাধারণ নীতি হচ্ছে, যদি নারী পবিত্র হয়ে যায় এবং হায়েয-নিফাস থেকে পবিত্র হওয়ার নিশ্চিত আলামত দেখতে পায়; আমি বুঝাতে চাচ্ছি যদি সাদা স্বাব দেখতে পায়; (সাদা স্বাব হচ্ছে- সাদা পানি, নারীরা যে পানি চিনতে পারে) এ স্বাব দেখার পর মলিন রঙ, হলুদ রঙ কিংবা ফোঁটা ফোঁটা, কিংবা ভেজা ভেজা থাকা ইত্যাদি কিছুই হায়েয নয়। এগুলো নামায ও রোয়ার প্রতিবন্ধক নয়। এগুলোর কারণে স্ত্রী সহবাসেও কোন বাধা নেই। কেননা এসব হায়েয নয়।”।[সমাপ্ত]

হায়েয সংক্রান্ত ৬০ নং প্রশ্নোত্তর।